175

তারিখ ... 03 NOV 1998 ..
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# সিন্ডিকেট নির্বাচন ॥ ঢাবিতে শিক্ষক রাজনীতি জমে উঠেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট নির্বাচনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতি জমে উঠেছে। রবিবার ছিল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফিন্যান্স কমিটির নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। এ বছরের নির্বাচনে সরকার সমর্থক শিক্ষক গোষ্ঠীর নীল দল, বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষক গোষ্ঠীর সাদা দল ও দল নিরপেক্ষতার দাবিদার গোলাপী অংশ নিচ্ছে। আগামী ১২ নবেম্বর সকাল ৯টা থেকে বেলা একটা পর্যন্ত টিএসসিতে নির্বাচন অনুষ্ঠিত হবে।

সিন্ডিকেটে নীল দলের প্রার্থীরা হলেন ডিন ক্যাটাগরিতে ড. কাজী শহীদুল্লাহ, প্রভোস্ট ড. মো. আবদুল আজিজ, অধ্যাপক এটিএম জহুরুল হক, সহযোগী অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, সহকারী অধ্যাপক মিসেস কাজী আফরোজ জাহান আরা, প্রভাষক আজহার আলী চৌধুরী। সাদা দলের প্রার্থীরা হলেন ডিন ড. একেএম সিরাজুল ইসলাম খান, প্রভোস্ট ড. আ ফ ম ইউসুফ হায়দার, অধ্যাপক ড. আব্দুল মমিন চৌধুরী, সহযোগী অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন সরদার, লেকচারার মোঃ মহব্বত আলী, গোলাপী দল পূর্ণাঙ্গ প্যানেল দিতে পারেনি। তারা একটি আংশিক প্যানেল জমা দিয়েছে। এই প্যানেলের প্রার্থীরা হলেন প্রভোস্ট ড. এআই মাহাবুব উদ্দিন আহমদ, অধ্যাপক এএইচ মঈনউদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক ড. নেহাল করিম, সহকারী অধ্যাপক ড. সালাহউদ্দিন। গোলাপী দল ডিন এবং প্রভাষক ক্যাটাগরিতে কোন প্রার্থী দিতে পারেনি।

একাডেমিক পরিষদে নীল দলের প্রার্থীরা হলেন, ড. সৈয়দ হুমায়ুন আখতার, ড. একেএম সাইফুল মজিদ, ড. অমল কৃষ্ণ হালদার, ড. এমরান কবির চৌধুরী, ড. মোহাম্মদ জীনাত আলী, মিসেস শাকিলা ফাহমিদা রহমান, সাদা দলের প্রার্থীরা হলেন মিসেস মাসুদা এম রশীদ চৌধুরী, ড. মোঃ এনামুল হক, ড. মোঃ মাহবুবুর রহমান, ড. মোঃ আহসান আলী, মোঃ লুৎফর রহমান। ফাইন্যান্স কমিটিতে নীল দলের প্রার্থী হলেন ড. ইফতেখার গনি চৌধুরী এবং সাদা দলের প্রার্থী হলেন ড. রহিম বি তালুকদার।

এবারের নির্বাচনে নীল দল ও সাদা দলের মধ্যে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে বলে জানা গেছে, অভ্যন্তরীণ কোন্দলের কারণে দিন পাঁচেক আগেও নীল দলের অবস্থা ছিল নড়বড়ে। গতকাল পর্যন্ত নীল দল তাদের অভ্যন্তরীণ সঙ্কট প্রায় কাটিয়ে উঠেছে। শেষ পর্যন্ত নীল দলে কোন সঙ্কট থাকবে না বলে জানা গেছে। দলের ভিতরে কোন রকম সঙ্কট না থাকলে নির্বাচনে নীল দল আশানুরূপ ফল লাভ করবে বলে জানা গেছে। গত বছর সিন্ডিকেটের ছ'টি পদেই নীল দল জয়ী হয়েছে। এবারের নির্বাচনে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে প্রভোস্ট ক্যাটাগরির দু'প্রার্থীর মধ্যে। উভয় দলের প্রার্থীদ্বয়ই খুবই জনপ্রিয়। তবে এক্ষেত্রে নীল দলের প্রার্থী একটু এগিয়ে রয়েছেন বঙ্গবন্ধু হল থেকে সরকারী ছাত্র সংগঠনের নামে অবস্থান নেয়া সন্ত্রাসীকে পুলিশে ধরিয়ে দেয়ার কারণে।

নীল দলের নেতা ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ হোসেন মনসুর নির্বাচনে জয়ের ব্যাপারে আশাবাদী।